

০১. ধারণার শিরোনাম: এসএমএস এর মাধ্যমে ঋণের কিস্তি পরিশোধের তারিখ অবহিতকরণ

০২. ধারণার পরিচিতি: বর্তমান পদ্ধতিতে ঋণগ্রহীতাকে ঋণ বিতরণের সময় এবং ঋণ মঞ্জুরীপত্রের মাধ্যমে ঋণের কিস্তি পরিশোধের তারিখ অবহিত করা হয়। ঋণ মঞ্জুরীপত্রে ঋণের কিস্তি পরিশোধের সূচী উল্লেখ রয়েছে। এছাড়া মাঠ কর্মকর্তাগণ সরাসরি সাক্ষাত করে বা মোবাইলের মাধ্যমে ঋণগ্রহীতাকে তার ঋণের কিস্তি পরিশোধের তারিখ সম্পর্কে অবহিত করে থাকেন। কিন্তু ঋণগ্রহীতার সংখ্যা বেশি হলে ০১/০২ জন মাঠ কর্মকর্তার পক্ষে শাখার সকল গ্রাহকের নিকট তা পৌঁছানো সম্ভব হয়না। অনেক সময় গ্রাহকের নির্দিষ্ট তারিখের মধ্যে কিস্তি পরিশোধের কথা স্মরণ থাকে না, ফলশ্রুতিতে তিনি ঋণখেলাপী হয়ে যান।

বর্ণিত সমস্যাসমূহ দূরীকরণে সকল গ্রাহককে তাঁদের ঋণের কিস্তি পরিশোধের তারিখ সম্পর্কে অবহিতকরণের জন্য ০৫-০৬ দিন আগে যদি একটি এসএমএস প্রদান করা যায় তাহলে গ্রাহক আগে থেকেই প্রস্তুতি গ্রহণ করতে পারবে। এসএমএস পদ্ধতি চালু হলে ঋণের কিস্তি পরিশোধের তারিখ অবহিতকরণ ছাড়াও ঋণ সম্পর্কিত আরো প্রাসঙ্গিক অনেক তথ্য গ্রাহককে জানানো সম্ভব হবে।

০৩. উদ্দেশ্য:

- নির্ধারিত তারিখের ০৫-০৬দিন পূর্বে ঋণগ্রহীতাকে ঋণের কিস্তি পরিশোধের তারিখ অবহিত করা;
- নিয়মিতভাবে যথাসময়ে ঋণের কিস্তি আদায়;
- নতুনভাবে ঋণ খেলাপী না হওয়া;
- পেনাল ইন্টারেস্ট তথা দন্ড সুদ হতে গ্রাহকের অব্যাহতি লাভ;
- কিস্তি আদায়ের জন্য ব্যাংকারকে উদ্যোক্তার নিকট যাতায়াত করতে হবে না বিধায় সময় ও অর্থ সাশ্রয়।

০৪. কর্মপদ্ধতি:


প্রচলিত কর্মপদ্ধতি:

- বর্তমানে ঋণ বিতরণের সময় এবং ঋণ মঞ্জুরীপত্রের মাধ্যমে ঋণগ্রহীতাকে কিস্তি পরিশোধের তারিখ সম্পর্কে অবহিত করা হয়;
- মাঠ কর্মকর্তা ঋণগ্রহীতার সাথে সরাসরি সাক্ষাৎ করে ঋণের কিস্তি পরিশোধের তাগিদ প্রদান করেন;
- ঋণগ্রহীতা মাঠ কর্মকর্তার নিকট অথবা সরাসরি শাখায় উপস্থিত হয়ে কিস্তি প্রদান করে থাকেন।

প্রস্তাবিত কর্মপদ্ধতি:

- ঋণের কিস্তি পরিশোধের নির্দিষ্ট তারিখের ০৫-০৬ দিন আগে ঋণগ্রহীতাকে তার ঋণের কিস্তি পরিশোধের তারিখ ও কিস্তির পরিমাণ উল্লেখপূর্বক এসএমএস প্রেরণ;
- ঋণের কিস্তি সম্পর্কিত এসএমএস পাওয়ার পর শাখায় এসে যথাসময়ে কিস্তি পরিশোধ।

প্রস্তাবিত প্রসেসম্যাপ:



০৫. উপকারিতা/সুফল:

- নতুন করে ঋণ খেলাপী না হওয়া;
- শ্রেণীকৃত (CL) ঋণের পরিমাণ বৃদ্ধি না পাওয়া;
- ভাল গ্রাহক হতে পেরে গ্রাহকের সন্তুষ্টি অর্জন;
- ব্যাংকের পারফরমেন্স বৃদ্ধি;
- মাঠ কর্মকর্তার যাতায়াত/সময়/খরচ হ্রাস।

০৬. বাস্তবায়ন ও পরিচালন ব্যয়:

খাতভিত্তিক প্রয়োজনীয় সম্পদ	বিবরণ (নাম ও পরিমাণ)	প্রয়োজনীয় অর্থ (টাকা)	কোথা হতে পাওয়া যাবে /অর্থের উৎস?
জনবল (শুধু পাইলটিং বাস্তবায়ন)	২-৩ জন	-	অফিস
কম্পিউটার	১ টি	-	অফিস
সফটওয়্যার	ডাটাবেজ, এসএমএস ও মোবাইল ব্যাংকিং প্ল্যাটফর্ম	-	অফিস
বস্তুগত (এসএমএস বান্ডেল)	এসএমএস বান্ডেল ইত্যাদি	৪০০০/-	ইনোভেশন ফান্ড
অন্যান্য (প্রশিক্ষণ, মূল্যায়ন, সভা)	প্রশিক্ষণ ও প্রচার	১০,০০০/-	ইনোভেশন ফান্ড
	প্রয়োজনীয় মোট অর্থ	১৪,০০০/-	

০৭. বাস্তবায়ন সময়কাল: মার্চ/এপ্রিল ২০২১।

০৮. সুবিধাভোগীর ব্যয়: ন্যূনতম স্ট্যান্ডার্ড এসএমএস চার্জ প্রযোজ্য হবে।

০৯. সম্প্রসারণের সুযোগ: কর্মসংস্থান ব্যাংকের সকল শাখায় প্রকল্পটি সম্প্রসারণের সুযোগ আছে। এছাড়া আগ্রহী অন্যান্য প্রতিষ্ঠানও প্রয়োজনে ধারণাটি ব্যবহার করতে পারবে।

১০. সম্ভাব্য ঝুঁকি:

- বিদ্যুৎ বিভ্রাট বা অনলাইন প্রক্রিয়া বিঘ্নিত হলে এসএমএস প্রদানে সাময়িক সমস্যা হতে পারে।

১১. বাস্তবায়িত খারণার ফলাফল (আগে কী ছিল, পরে কী হয়েছে):

	সময়	খরচ	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের আগে	৩০-৯০মিনিট	০-১০০/- টাকা	০-২ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	০১ মিনিট	১/- টাকা	প্রয়োজন নেই
আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহীতার/ব্যাককারের প্রত্যাশিত বেনিফিট	২৯-৮৯ মিনিট (সময় সাশ্রয়)	০-৯৯/- টাকা (সাশ্রয়)	(আসা যাওয়ার প্রয়োজন নেই)

ধারণা প্রদানকারী:

১. জনাব মোঃ বাবর আলী, উপমহাব্যবস্থাপক, এমডি'স স্কোয়াড, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়;
২. জনাব মোঃ মশিউর রহমান, সহকারী মহাব্যবস্থাপক, ঋণ ও অগ্রিম বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়;
৩. জনাব মোঃ আল গালিব, সহকারী প্রোগ্রামার, আইটি বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়;
৪. জনাব রাজু দাস, সহকারী প্রোগ্রামার, আইটি বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়;
৫. জনাব মোঃ মাহাবুবুর রহমান, অফিসার, কর্মসংস্থান ব্যাংক, কালীগঞ্জ শাখা, লালমনিরহাট।